

৫২২৩

তারিখ ... 3.0. JAN. 1987. ...

পৃষ্ঠা... ..৫... ..কলাম... ৬ ...

# দৈনিক ইনকিলাব

## গ্রন্থ ও গ্রন্থাগার

“জ্ঞানের জন্য গ্রন্থ এবং গ্রন্থের জন্য গ্রন্থাগার”— এ কথা অনস্বীকার্য। ব্যক্তিগত সংগ্রহে একজনের যত বই-ই থাকুক না কেন গ্রন্থাগারের প্রয়োজনীয়তা কেউ অস্বীকার করতে পারেন না। যুগের আধুনিকতায় গ্রন্থাগার ও পাঠক বাড়ছে ক্রমাগত। জ্ঞান আহরণের নেশায় সর্বস্তরের মানুষ গ্রন্থাগার ব্যবহার করছেন ব্যাপকভাবে।

গ্রন্থাগার বিজ্ঞানীরা বলেন, ‘গ্রন্থাগার হচ্ছে জ্ঞানের ভাণ্ডার’। বিদ্বান, গবেষক, ছাত্র, শিক্ষক, সাধারণ মানুষ সকলেরই গ্রন্থের প্রয়োজন অপরিসীম। আর এই গ্রন্থকে সংরক্ষণ করে গ্রন্থাগার। তাই চাহিদা মার্কিত গ্রন্থ পাওয়ার জন্য গ্রন্থাগারের সাহায্য নিতে হয়। আধুনিক যুগে পাঠকের চাহিদার উপর ভিত্তি করে গ্রন্থাগারকে শ্রেণীবিন্যাস করা হয়।

প্রচার ও ব্যাপকতার অভাবে গ্রন্থ ও গ্রন্থাগারের সঠিক মূল্যায়ন আমাদের সমাজে এখনো হয়নি। মহান আল্লাহতায়লা মানব জন্মের বহু আগেই ‘লওহে মাহফুজ’ কে জ্ঞানভাণ্ডার হিসেবে সৃষ্টি করেছেন। স্রষ্টার কাছ থেকে লব্ধ জ্ঞানকে মানুষ তার পরবর্তী বংশধরদের জন্য

সংরক্ষণ করার চেষ্টা করছে যুগ যুগ ধরে। প্রয়োজনের তাগিদে সৃষ্টি হয়েছে গ্রন্থ ও গ্রন্থাগার। বর্তমান যুগে Microfilm, Micro-fish—film strips ইত্যাদি মূল্যবান সামগ্রী সংযুক্ত হয়েছে গ্রন্থাগারে।

গ্রন্থাগারে সংরক্ষিত প্রতিটি গ্রন্থের একটি নির্দিষ্ট নম্বর থাকে। এ নম্বর উদ্ভাবনের ক্ষেত্রে নিউইয়র্ক-এর মেলভিল ডিউইর নাম চির স্মরণীয়। তাঁর ‘ডিউই দশমিক পদ্ধতি’ এখন বিশ্বব্যাপী সমাদৃত।

আমাদের দেশের সবচেয়ে বড় গ্রন্থাগার হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার। প্রায় সাড়ে সাত লাখ বই এখানে সংগৃহীত আছে। ‘গ্রন্থের রাজ্য গ্রন্থাগার’— এ রাজ্যে যে একবার অধিবাসী হয়েছেন তিনি অনুভব করতে পারেন এর ব্যাপকতা, বিশালতা ও সার্থকতা।

পৃথিবীর বিভিন্ন দেশে রয়েছে গ্রন্থাগার সমিতি। বাংলাদেশেও গঠিত হয়েছে বাংলাদেশ গ্রন্থাগার সমিতি। এ সমিতি ১৯৫৮ সালে ৬ মাস মেয়াদী একটি প্রশিক্ষণ কোর্স চালু করে। বাংলাদেশে গ্রন্থাগার আন্দোলন ও উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ জাতীয় গ্রন্থকেন্দ্রও উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে।

আমাদের সার্বিক উন্নতির জন্য বিশাল

এ জনশক্তিকে শিক্ষিত করা একান্ত প্রয়োজন এবং সেই সঙ্গে আমরা সকলে অনুধাবন করতে পারব গ্রন্থ ও গ্রন্থাগারের ভূমিকা কতখানি।

—ইকবাল বাহার সিদ্দিকী